দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 2 6 1999 ...
পৃষ্ঠা ... কলাম ৪ ...

তিন বৎসরে শিক্ষা খাতের সাফল্য

# সাক্ষরতার হার ৫৬ শতাংশ ৫টি জেলা নিরক্ষরতা মুক্ত

বাসস ॥ বিগত তিন বৎসরে বর্তমান সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের দরুন শিক্ষাক্ষেত্রে গুণগত পরিবর্তন সাধিত হইয়াছে; ফলে দেশের সাক্ষরতার হার ৫৬ শতাংশে পৌঁছিয়াছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান, সরকারের নিরন্তর প্রয়াসের দরুন অর্জিত প্রধান সাফল্যগুলির মধ্যে আছে

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

দেশের ৫টি জেলাকে নিরক্ষরতার অভিশাপমুক্ত করা। জেলাগুলি হইল ঃ চুয়াডাঙ্গা, লালমনিরহাট, মাগুরা, রাজশাহী এবং গাইবান্ধা। এই সকল জেলায় থানার সংখ্যা ২১টি। শিক্ষাক্ষেত্রে সরকারের সাফল্যের স্বীকৃতিস্বরূপ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ নিরক্ষরতা দূরীকরণে বিশিষ্ট অবদান রাখার জন্য ১৯৯৮ সালে ইউনেস্কোর 'আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার' লাভ করিয়াছে। অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিগত তিন বৎসরে প্রায় ২৩৪ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে দেশে ৭৫টি মাধ্যমিক বিদ্যালয় এবং ২ হাজার ২৯২টি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

নারী শিক্ষা কার্যক্রমে সরকার ১২ হাজার ১১৫টি বিদ্যালয় ও মাদ্রাসার ৭৮ লক্ষ ৫০ হাজার ছাত্রীকে প্রায় ৪৮২ কোটি ২০ লক্ষ টাকা বৃত্তি দিয়াছে।

বিগত তিন বৎসরে গৃহীত অন্যান্য পদক্ষেপের মধ্যে আছে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১৪ হাজার ৯১৫ জন সহকারী শিক্ষক ও ১ হাজার ৪৮৫ জন প্রধান শিক্ষক, ১৭৫ জন থানা শিক্ষা অফিসার (টিইও) এবং ৪২৮ জন সহকারী থানা শিক্ষা অফিসার (এটিইও) নিয়োগ; ২৫৯টি সরকারী ও বেসরকারী কলেজে বৈজ্ঞানিক সরঞ্জাম, বই-পুস্তক এবং কম্পিউটার সংগ্রহ বাবদ ৩ হাজার ৯৪১ কোটি ৯৬ লক্ষ টাকা এবং ৮ হাজার ৮৮০টি স্কুল ও মাদ্রাসায় বই-পুস্তক, শিক্ষা সরঞ্জাম এবং কম্পিউটার বাবদ ৪ হাজার ১৯৩ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, সরকার দেশের ১৫৪টি সরকারী কলেজে কম্পিউটার শিক্ষা কোর্স চালুর পরিকল্পনা গ্রহণ করিয়াছে।